# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**10-05-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গ, আসাম এবং পুদুচেরিতে বিজেপির জয় তাঁর সরকারের নীতির প্রতি জনসমর্থনেরই প্রমাণ বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

তিনি আজ হায়দ্রাবাদে প্রায় ৯ হাজার ৪০০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

২) তামিলাগা ভেত্তিরি কাজাগাম টিভিকে-র প্রতিষ্ঠাতা সি যোশেফ বিজয় আজ তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। আরও ৯ জন মন্ত্রীর শপথগ্রহণ।

৩) আসামে প্রবীণ বিজেপি নেতা ডক্টর হিমন্ত বিশ্বশর্মা সর্বসম্মতিক্রমে বিজেপি ও এনডিএ পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন।

৪) হরমুজ প্রণালীতে জাহাজ চলাচলে নিরাপত্তা সুনিশ্চিত করতে ব্রিটেন তাদের রণতরী HMS ড্রাগনকে পশ্চিম এশিয়ায় মোতায়েন করেছে।

৫) সাংহাই-এ তিরন্দাজি বিশ্বকাপ স্টেজ –টু-এ ভারতের মহিলা রিকার্ভ দল স্বর্ণ পদক জিতেছে।

৬) আই পি এল ক্রিকেটে আজ চেন্নাই সুপার কিংস, লক্ষ্নৌ সুপার জায়ান্টসের এবং রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু, মুম্বাই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিমবঙ্গ, আসাম এবং পুদুচেরিতে বিধানসভায় নির্বাচনে বিজেপির জয় তাঁর সরকারের গৃহীত জাতীয় নীতির প্রতি জনসমর্থনেরই এক উজ্জ্বল প্রমাণ। তিনি বলেন, নির্বাচনের ফলাফল দেশের নিহিত চেতনাকেই প্রতিফলিত করে। বেঙ্গালুরুতে আজ বিজেপি কর্মীদের সমাবেশে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী এমন একটি সরকারের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন, যা সক্রিয়ভাবে কাজ করে, দ্রুততার সঙ্গে সুশাসন নিশ্চিত করে, সব সমস্যার সমাধান প্রদান করে এবং দেশকে অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যায়।

প্রধানমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে দলটি মাত্র তিনটি আসন নিয়ে যাত্রা শুরু করেছিল এবং মাত্র ১০ বছরের মধ্যেই বিপুল জনসমর্থন নিয়ে সরকার গঠন করেছে। আসামে জনগণ বিজেপিকে তৃতীয়বারের মতো ক্ষমতায় বসিয়েছে। গুজরাটের পৌরসভা নির্বাচনে দলটি অতীতের সমস্ত রেকর্ড ভেঙে দিয়েছে। তিনি আরও বলেন, কেরালাতেও বিজেপির ভবিষ্যতে আরও ভালো ফল করার সম্ভাবনা রয়েছে। কংগ্রেসের তীব্র সমালোচনা করে প্রধানমন্ত্রী অভিযোগ করেন, সংসদে মহিলা সংরক্ষণ বিল'-এর বিপক্ষে ভোট দিয়ে তারা দেশের নারীশক্তির সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে।

বাইট

প্রধানমন্ত্রী আজ সকালে বেঙ্গালুরুতে 'আর্ট অফ লিভিং'-এর ৪৫তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। তিনি 'আর্ট অফ লিভিং ইন্টারন্যাশনাল সেন্টার'-এ নবনির্মিত 'ধ্যান মন্দির'-এরও উদ্বোধন করেন।

এরপর, প্রধানমন্ত্রী আজ বিকেলে হায়দ্রাবাদে প্রায় ৯ হাজার ৪০০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। হায়দ্রাবাদ-

পানাজি অর্থনৈতিক করিডরের অন্তর্গত জাতীয় মহাসড়ক-১৬৭-এর গুডেবেল্লুর থেকে মাহবুবনগর পর্যন্ত অংশটি চার লেনে উন্নীত করার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন শ্রী মোদী। এই প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৩ হাজার ১ শো ৭৫ কোটি টাকারও বেশি। ভারতের স্বাস্থ্য পরিষেবাস পরিকাঠামোর ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে, শ্রী মোদী হায়দ্রাবাদে মাল্টি-সুপার স্পেশালিটি সমৃদ্ধ অলাভজনক প্রতিষ্ঠান 'সিন্ধু হাসপাতাল' জাতির উদ্দেশে উৎসর্গ করবেন।

-----------------

প্রধানমন্ত্রী আগামীকাল, গুজরাটে সোমনাথ মন্দির পুনঃপ্রতিষ্ঠার ৭৫তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত সোমনাথ অমৃত মহোৎসবে অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানের অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী একাধিক শুভ ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন।

-----------------

তামিলাগা ভেত্তিরি কাজাগাম টিভিকে-র প্রতিষ্ঠাতা সি যোশেফ বিজয় আজ তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। সকাল ১০-টায় নেহরু ইন্ডোর স্টেডিয়ামে শপথগ্রহণ অনুষ্ঠান হয়। রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকার শ্রী বিজয়কে শপথগ্রহণ ও মন্ত্রগুপ্তি পাঠ করান।

বাইট

মুখ্যমন্ত্রীর সঙ্গে আরও ৯ জন মন্ত্রী শপথ নেন। শপথগ্রহণ অনুষ্ঠানে রাহুল গান্ধী সহ তামিল সিনেমা জগতের বহু তারকারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তামিলনাড়ুতে টিভিকের নতুন সরকার গঠনে কংগ্রেস, সিপিআই, সিপিআইএম, ভিসিকে এবং আই ইউ এম এল সমর্থন দেয়। শ্রী বিজয় ১৯৬৭ সালের

পর প্রথম মুখ্যমন্ত্রী, যিনি ডিএমকে বা এআইডিএমকে-র দলের সদস্য নন। লোকভবন সূত্রে জানা গেছে, আগামী ১৩-ই মে-র মধ্যে বিধানসভায় শ্রী বিজয়কে সংখ্যা গরিষ্ঠতা প্রমাণ করতে হবে।

২৩৪ আসন বিশিষ্ট বিধানসভায় শ্রী বিজয় ১২০ জন বিধায়কের সমর্থন পেয়েছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শ্রী যোশেফ বিজয়কে মুখ্যমন্ত্রী পদে শপথ গ্রহণের পর শুভেচ্ছা জানিয়েছেন। এক সমাজ মাধ্যমের পোস্টে শ্রী মোদী বলেন, কেন্দ্রীয় সরকার তামিলনাড়ুর নব নির্বাচিত সরকারকে উন্নয়নের লক্ষে সবরকমের সহায়তা দেবে।

শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমারা দিশানায়েকেও তামিলনাড়ুর নবনিযুক্ত মুখ্যমন্ত্রী সি ষোশেফ বিয়জয়কে অভিনন্দন জানিয়েছেন।

----------------

আসামে সর্বসম্মতিক্রমে বিজেপি ও এনডিএ পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন প্রবীণ বিজেপি নেতা ডঃ হিমন্ত বিশ্ব শর্মা। আজ সকালে গুয়াহাটিতে পরিষদীয় দলের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ৮ জন বিজেপি বিধায়ক ডঃ বিশ্ব শর্মার নাম পরিষদীয় দলের নেতা হিসেবে প্রস্তাব দেন। বৈঠকে উপস্থিত বিধায়করা এই প্রস্তাবে সমর্থন জানান। ১০ জন এজিপি বিধায়ক ও বিপিএফ বিধায়করাও শ্রী শর্মাকে এনডিএ'র নেতা হিসেবে প্রস্তাব দেন। এরপর কেন্দ্রীয় পর্যবেক্ষক জেপি নাড্ডা,আনুষ্ঠানিক ভাবে ডঃ হিমন্ত বিশ্ব শর্মার নাম পরিষদীয় দলের নেতা হিসেবে ঘোষণা করেন।

পরিষদীয় দলের নেতা নির্বাচিত হওয়ার পর ডঃ বিশ্ব শর্মা লোক ভবনে গিয়ে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যের সঙ্গে সাক্ষাত করে, ১০২ জন বিধায়কের স্বাক্ষরিত সমর্থনপত্র তুলে দিয়ে সরকার গঠনের দাবী জানান।

-----------------

ব্রিটেন জানিয়েছে, পরিস্থিতি অনুকূল হলে হরমুজ প্রণালীতে নৌ-চলাচলের নিরাপত্তা সুনিশ্চিত করতে বহুপাক্ষিক প্রচেষ্টার অঙ্গ হিসেবে তারা তাদের যুদ্ধজাহাজ ‘এইচ এম এস ড্রাগন’কে পশ্চিম এশিয়ায় মোতায়েন করছে। এর আগে, ইরান যুদ্ধ শুরু হওয়ার পরপরই সাইপ্রাসের প্রতিরক্ষা সহায়তার লক্ষ্যে এই যুদ্ধজাহাজটিকে পূর্ব ভূমধ্যসাগরে মোতায়েন করেছিল ব্রিটেন।

এদিকে, ফ্রান্স ইতোমধ্যেই তাদের বিমানবাহী রণতরী বহরকে লোহিত সাগরের দক্ষিণাংশে প্রেরণ করেছে।

-----------------

রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ইউক্রেনের সঙ্গে সংঘাত এখন সমাপ্তির পথে। পশ্চিম এশিয়ার উত্তেজনা পরিস্থিতিরও শীঘ্রই নিরসন হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তবে সংঘাত যদি আরও তীব্র আকার ধারণ করে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট সব পক্ষকেই এর মাশুল চোকাতে হবে বলেও পুতিন সতর্ক করেন।

ইউরোপীয় নেতাদের সঙ্গে আলোচনায় বসার ব্যাপারে এক প্রশ্নের জবাবে পুতিন বলেন, একটি স্থায়ী শান্তি চুক্তি চূড়ান্ত হলে তবেই তিনি ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে সাক্ষাৎ করবেন।

এদিকে, রাশিয়ার রেড স্কোয়ারে সে-দেশের বার্ষিক 'বিজয় দিবস' কুচকাওয়াজ চলাকালীন তিন দিনের যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে মস্কো ও কিয়েভ।

----------------

মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও এবং বিশেষ মার্কিন দূত স্টিভ উইটকফ,কাতারের প্রধানমন্ত্রী ও বিদেশ বিষয়কমন্ত্রী মহম্মদ বিন আব্দুল রহমান আল-থানি,গতকাল মিয়ামিতে এক বৈঠকে মিলিত হন। উভয়পক্ষের মধ্যে পশ্চিম এশিয়ার চলতি সংঘর্ষের আবহে ,মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের আলোচনার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়।

এর আগে পাকিস্তানের ইসলামাবাদে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে প্রথম পর্যায়ের বৈঠক ফলপ্রসূ হয়নি। সমস্ত উদ্যোগের পরে দ্বিতীয় পর্বের বৈঠক সম্ভব হয়নি। অপরদিকে কাতার ,ইরান ও আমেরিকার মধ্যে ফলপ্রসূ আলোচনার মধ্যস্থতার ভূমিকা পালন করে চলেছে।

----------------

মার্কিন যুক্তরাষ্ট্র, H 1 B ভিসা কর্মসূচির অধীনে কর্মী নিয়োগের ক্ষেত্রে প্রদেয় ন্যূনতম মজুরি আগের চেয়ে ৩০ শতাংশ বৃদ্ধির প্রস্তাব দিয়েছে। একেবারে প্রাথমিক স্তর থেকে শুরু করে সর্বাধিক অভিজ্ঞ কর্মী পর্যন্ত — মোট চারটি ভিন্ন বিভাগে ন্যূনতম মজুরি বৃদ্ধি করা হবে। প্রাথমিক স্তরের কর্মীদের জন্য বর্তমান মজুরির হার ৩৩ দশমিক ৩/৯ শতাংশ বাড়িয়ে ৯৭ হাজার ৭ শো ৪৬ মার্কিন ডলারে নিয়ে যাওয়ার সংস্থান রয়েছে এই প্রস্তাবে।

আগামী ২৬শে মে পর্যন্ত জনসাধারণ এই প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে তাঁদের মতামত জানাতে পারবেন।

---------------

সাংহাইয়ে তীরন্দাজি বিশ্বকাপ স্টেজ-২-এ স্বর্ণপদক জিতেছে ভারতের মহিলা রিকার্ভ দল। দীপিকা কুমারী, অঙ্কিতা ভকত এবং কুমকুম মোহোদের দল আয়োজক চীনকে ৫-৪ শুট-অফে পরাজিত করে। শুট-অফের শেষ শটে অভিজ্ঞ দীপিকা গুরুত্বপূর্ণ ৯ স্কোর করে ভারতের ২০২১ সালের পর বিশ্বকাপ স্বর্ণপদক নিশ্চিত করেন।

এর আগে সেমিফাইনালে ভারত, ১০ বারের অলিম্পিক চ্যাম্পিয়ন দক্ষিণ কোরিয়াকে হারিয়ে দেয় ভারত।

এদিকে ভারতের সামনে আরও একটি পদক জয়ের সম্ভাবনা রয়েছে। রিকার্ভ তিরন্দাজিতে সিমরনজিৎ কৌর সেমিফাইনালে নামবেন।

---------------

আই পি এল ক্রিকেটে আজ দুটি ম্যাচ রয়েছে। প্রথম ম্যাচে, চেন্নাই সুপার কিংস, লখনউ সুপার জায়ান্টসের মুখোমুখি হবে। চেন্নাইয়ের এম এ চিদাম্বরম স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়। প্রতিযোগিতায় এখনও পর্যন্ত ১০ টি ম্যাচে পাঁচটিতে জিতে ১০ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠ স্থানে রয়েছে চেন্নাই। সমসংখ্যক ম্যাচ খেলে তিনটিতে জিতে ছয় পয়েন্ট নিয়ে তালিকার সবার শেষে রয়েছে লখনউ।

দ্বিতীয় ম্যাচে, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু, মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে খেলবে। নিউ রায়পুরের শহীদ বীর নারায়ণ সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা

সাড়ে সাতটায়। প্রতিযোগিতায় এখনও অবধি দশটি ম্যাচ খেলে ছ'টিতে জিতে ১২ পয়েন্ট পেয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে রয়েছে বেঙ্গালুরু। অন্যদিকে, সমসংখ্যক ম্যাচ খেলে তিনটিতে জিতে ছয় পয়েন্ট পেয়ে লিগ তালিকার নবম স্থানে রয়েছে মুম্বই।

---------------- ----------------